রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারী ১, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ই পৌষ ১৪০৩/৩১শে ডিসেম্বর ১৯৯৬

নং এস, আর, ও ২৪৪-আইন/৯৬/১৬৯৩/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section 25A এর সহিত পঠিতব্য section 219(1) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

প্রাক-যানজাতকরণ পণ্য পরিদর্শন বিধিমালা, ১৯৯৬

১। সংক্ষিপ্ত শিরোনামা—এই বিধিমালা প্রাক-যানজাতকরণ পণ্য পরিদর্শন বিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ Customs Act, 1969 (IV of 1969) ;

(খ) "আপীল ট্রাইবুনাল" অর্থ Customs Act, 1969 (IV of 1969) এর section 196 এর অধীনে গঠিত Customs, Excise and মূল্য সংযোজন কর Appellate Tribunal ;



মূল্য: টাকা ৩.০০

(গ) "কমিশনার" অর্থ আইনের section 3 এর অধীন নিযুক্ত কোন Commissioner of Customs;

(ঘ) "পরিশিষ্ট" অর্থ এই বিধিমালায় সংযোজিত কোন পরিশিষ্ট;

(ঙ) "প্রত্যায়নপত্র" অর্থ অত্র বিধিমালার বিধি ৮ এ বর্ণিত কোন প্রত্যায়নপত্র;

(চ) "পরিদর্শন সংস্থা" অর্থ প্রাক-যান জাতকরণ পরিদর্শন সংস্থা;

(ছ) "বোর্ড" অর্থ National Board of Revenue Order, 1972 (P. O. No. 76 of 1972) অনুযায়ী গঠিত National Board of Revenue;

(জ) "বিল অব এন্ট্রি" অর্থ আইনের section 79 অনুযায়ী দাখিলকৃত বিল অব এন্ট্রি।

৩। পরিদর্শন সংস্থার নিবন্ধন ও পুনঃনিবন্ধন কমিটি—(১) পরিদর্শন সংস্থার নিবন্ধন, পুনঃনিবন্ধন ও নিবন্ধন বাতিল সম্পর্কিত বিষয়সমূহ পরীক্ষা ও পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে সরকার, প্রজ্ঞাপন দ্বারা, সরকারী ও বেসরকারী সংস্থার সদস্যদের সমন্বয়ে একটি কমিটি গঠন করিবে।

(২) উপ-বিধি(১) এ উল্লিখিত কমিটির কার্যপরিধি নিম্নরূপ হইবে, যথা:—

(ক) পরিদর্শন সংস্থার নিবন্ধন, পুনঃনিবন্ধন এবং নিবন্ধিত পরিদর্শন সংস্থার তালিকা পরিবর্তনের বিষয়ে সরকারের জন্য সুপারিশ প্রণয়ন;

(খ) পরিদর্শন সংস্থার নিবন্ধন ও পুনঃনিবন্ধনের জন্য অফেরতযোগ্য ফিস (Fees) ও জামানতের অর্থের পরিমাণ এবং জামানতের মেয়াদ নির্ধারণ; এবং

(গ) পরিদর্শন সংস্থার নিবন্ধন ও পুনঃনিবন্ধনের জন্য যোগ্যতার মানদণ্ড নির্ধারণ করা।

৪। পরিদর্শন সংস্থার নিবন্ধন—(১) পরিদর্শন সংস্থার নিবন্ধনের জন্য সরকার যে কোন জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে দরখাস্ত আহবান করিবে।

(২) পরিদর্শন সংস্থা বা বিদেশী অনুরূপ কোন সংস্থা স্বয়ং বা উহার কোন প্রতিনিধির মাধ্যমেও নিবন্ধনের জন্য আবেদন করিতে পারিবে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত দরখাস্তের সহিত নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) কোন সার্বভৌম রাষ্ট্রের জন্য আমদানিতব্য পণ্যের মূল্য, পরিমাণ, গুণাগুণ এবং শুল্ক শ্রেণীবিন্যাস সম্পর্কে আবেদনকারী সংস্থা কর্তৃক প্রত্যায়নপত্র প্রদানের ন্যূনতম পাঁচ বৎসর অভিজ্ঞতার ব্যাপারে সনদপত্র;

(খ) আবেদনকারী বা তাহার Principal এর International Federation of Inspection Agencies (IFIA) এর PSI কমিটির সদস্য পদভুক্তির সনদপত্র;

(গ) বাংলাদেশে অবস্থিত আবেদনকারী সংস্থার অফিস ভবনের মালিকানা বা খন্ডোবস্তীর স্বত্ব সম্পর্কিত দলিল এবং উক্ত অফিসে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের তালিকা;

(ঘ) পরিদর্শন সংস্থা কর্তৃক এই বিধিমালা অনুসরণে অঙ্গীকার পত্র; এবং

(ঙ) আমদানিকৃত পণ্যের মূল্য, পরিমাণ, গুণাগুণ এবং শুল্ক শ্রেণীবিন্যাস সম্পর্কে Principal Office বা, ক্ষেত্রমত, বিদেশে অবস্থিত অন্য কোন শাখা অফিস কর্তৃক প্রদত্ত প্রত্যায়নপত্রে দায় ও দায়িত্ব গ্রহণের বিষয়ে স্থানীয় পরিদর্শন সংস্থার অঙ্গীকারনামা এবং এই সম্পর্কে Principal Office এবং স্থানীয় সংস্থার মধ্যে সম্পাদিত দ্বি-পাক্ষিক চুক্তিপত্র।

(৪) নিবন্ধনের জন্য উপ-বিধি(৩) এ বর্ণিত দলিলাদি দাখিল সাপেক্ষে, আবেদনকারী পরিদর্শন সংস্থার যোগ্যতা ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয় বিবেচনা করিয়া বিধি ৩ এ বর্ণিত কমিটি পরিদর্শন সংস্থা নিয়োগের বিষয়ে সরকারের নিকট সুপারিশ পেশ করিবে।

(৫) উপ-বিধি (৪) এ বর্ণিত সুপারিশ প্রাপ্তির পর সরকার যে সংস্থাকে অনুমোদন প্রদান করিবে, সেই সংস্থা কমিটি কর্তৃক নির্ধারিত—

(ক) নিবন্ধন ফি; এবং

(খ) কোন তফসিলি ব্যাংক হইতে কমিটি কর্তৃক নির্ধারিত টাকার বণ্ড হিসাবে একটি ব্যাংক গ্যারান্টি বোর্ড বরাবরে প্রদান করিবে।

(৬) উপ-বিধি (৫) এ বর্ণিত শর্তাদি পূরণ করা হইলে আবেদনকারী পরিদর্শন সংস্থাকে প্রজ্ঞাপনের মাধ্যমে এক বৎসর মেয়াদের জন্য নিবন্ধিত করা হইবে এবং নিবন্ধিত পরিদর্শন সংস্থা সরকারের এজেন্ট হিসাবে দায়িত্ব পালন করিবে অথবা বিকল্প ব্যবস্থা হিসাবে উক্ত পরিদর্শন সংস্থাকে অত্র বিধিমালার আওতায় আমদানীকারকের জন্য অনুমোদিত প্রাক-যান-জাতকরণ পরিদর্শন সংস্থা হিসাবে ঘোষণা করা যাইবে।

৫। পরিদর্শন সংস্থার পুনঃনিবন্ধন—(১) বিধি ৪ এর উপ-বিধি (৬) এ বর্ণিত নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার ন্যূনতম ষাট দিন পূর্বে পুনঃনিবন্ধনে আগ্রহী পরিদর্শন সংস্থা পুনঃ-নিবন্ধনের আবেদনপত্র জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে।

(২) পুনঃনিবন্ধনের আবেদনপত্রের সহিত নিম্নরূপ দলিলাদি দাখিল করিতে হইবে, যথাঃ—

(ক) বিধি ৩ এর উপ-বিধি (২) এর দফা (খ) এ উল্লিখিত কমিটি কর্তৃক নির্ধারিত অফেরতযোগ্য ফিস;

(খ) বিধি ৪ এর উপ-বিধি (৩) এর দফা (খ), (গ), (ঘ) ও (ঙ)তে উল্লিখিত দলিলাদি।

(৩) বিধি ৩ অনুযায়ী গঠিত কমিটি পরিদর্শন সংস্থার পুনঃনিবন্ধন সংক্রান্ত আবেদনপত্র ও দলিলাদি পরীক্ষাকরণসহ নিবন্ধিত থাকাকালীন অবস্থায় সংস্থা কর্তৃকঃ—

(ক) প্রত্যায়নকৃত চালানসমূহের সংখ্যা ও মূল্য;

(খ) প্রদত্ত প্রত্যয়নপত্রের বিরুদ্ধে দায়েরকৃত আপীল ও উক্ত পরিদর্শন সংস্থার বিপক্ষে প্রদত্ত রায়ের সংখ্যা; এবং

(গ) প্রাক-যানজাতকরণ পরিদর্শন বিষয়ে পরিদর্শন সংস্থার বিরুদ্ধে প্রমাণিত কোন গুরুতর অভিযোগ বিবেচনা করিবে।

(৪) উপ-বিধি (৩) অনুযায়ী পুনঃনিবন্ধন সংক্রান্ত আবেদনপত্র পরীক্ষা ও বিবেচনা করিবার পর কমিটি যোগ্য পরিদর্শন সংস্থার পুনঃনিবন্ধনের বিষয়ে সরকারের নিকট উহার সুপারিশ পেশ করিবে এবং কমিটির সুপারিশের ভিত্তিতে সরকার, উক্ত পরিদর্শন সংস্থা কর্তৃক বিধি-৪ এর উপ-বিধি (৫) এ উল্লিখিত জামানত হিসাবে প্রদত্ত ব্যাংক গ্যারান্টির মেয়াদ বৃদ্ধিপূর্বক দাখিল সাপেক্ষে, যোগ্য পরিদর্শন সংস্থা নিবন্ধন মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ হইতে পরবর্তী এক বৎসরের জন্য প্রজ্ঞাপনের মাধ্যমে পরিদর্শন সংস্থা পুনঃনিবন্ধন করিবে।

৬। পরিদর্শন সংস্থার তালিকা পরিবর্তন।—সরকার যে কোন সময় বিধি ৩ এ উল্লিখিত কমিটির সুপারিশক্রমে সংবাদপত্রের মাধ্যমে ষাট দিনের নোটিশ প্রদানপূর্বক এই নিবন্ধিত পরিদর্শন সংস্থার তালিকা পরিবর্তন করিতে পারিবে।

৭। জামানত হিসাবে প্রদত্ত ব্যাংক গ্যারান্টি নগদায়ন বা অবমুক্তকরণ।—(১) কোন পরিদর্শন সংস্থার বিরুদ্ধে এমন কোন গুরুতর অভিযোগ প্রমাণিত হয় যে, উহার ফলে সরকারের রাজস্ব হানি অথবা স্থানীয় শিল্পের স্বার্থহানি ঘটে, সেইক্ষেত্রে সরকার উক্ত পরিদর্শন সংস্থার বিরুদ্ধে প্রচলিত আইন অনুসারে ব্যবস্থা গ্রহণসহ উক্ত পরিদর্শন সংস্থা কর্তৃক এই বিধিমালার অধীন প্রদত্ত ব্যাংক গ্যারান্টি আংশিকভাবে বা সম্পূর্ণরূপে নগদায়নের নির্দেশ প্রদান করিতে পারিবে।

(২) বিধি ৩ এ উল্লিখিত কমিটির সুপারিশের প্রেক্ষিতে বিধি ৪ এর উপ-বিধি (৬) এ উল্লিখিত মেয়াদের মধ্যে কোন পরিদর্শন সংস্থার নিবন্ধন বাতিল করা হইলে সরকারের নিকট উক্ত পরিদর্শন সংস্থার কোন দায় বা অন্য কোন অনিষ্পত্তিকৃত দায় বা দায়িত্ব না থাকিলে বিধি ৪ এর উপ-বিধি (৫) অথবা বিধি ৫ এর উপ-বিধি (৪) এর অধীন গৃহীত ব্যাংক গ্যারান্টি অবমুক্ত করার জন্য সরকার নির্দেশ প্রদান করিতে পারিবে।

৮। প্রত্যয়নপত্রের ব্যবহার—পরিশিষ্ট-১,এ বর্ণিত পণ্য ব্যতীত অন্য কোন আমদানিকৃত পণ্যের গুণাগুণ, পরিমাণ, মূল্য এবং শুল্ক শ্রেণীবিন্যাস পরিদর্শন সংস্থা কর্তৃক পরীক্ষিত এবং প্রত্যায়িত হইলে তৎসম্পর্কে উক্ত সংস্থা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র শুল্কায়নের ভিত্তি হিসাবে গৃহীত হইবে।

৯। প্রত্যয়নপত্র প্রদান ও প্রাসঙ্গিক পদ্ধতি—(১) প্রত্যয়নপত্র প্রদান ও প্রাসঙ্গিক অন্যান্য বিষয়ে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথাঃ—

(ক) প্রত্যয়নপত্রে উল্লিখিত পণ্যের শ্রেণীবিন্যাসের ক্ষেত্রে আইনের First Schedule-এ উল্লিখিত শ্রেণীবিন্যাস অর্থাৎ সংশ্লিষ্ট পণ্যের H. S. Code এবং description উল্লেখ করিতে হইবে;

(খ) আমদানিকারক পণ্য আমদানিকালে নিজ ব্যয়ে প্রত্যয়নপত্র গ্রহণ করিবেন অথবা বিকল্প ব্যবস্থা হিসাবে পরিদর্শন সংস্থা পণ্য পরিদর্শন সংক্রান্ত বিল সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস-এর নিকট দাখিল করিবে এবং কমিশনার উক্ত বিল পরিশোধ করিবেন;

(গ) দফা (খ) এ উল্লিখিত বিলের পরিমাণ প্রত্যয়িত মূল্যের ১ শতাংশ অথবা ২৫০ মার্কিন ডলার এর মধ্যে যাহা সর্বনিম্ন তাহার চেয়ে বেশী হইবে না এবং কমিশনার কর্তৃক বিল পরিশোধের ক্ষেত্রে কমিশনার সংশ্লিষ্ট আমদানি-কারকের নিকট হইতে একই পরিমাণ অর্থ আদায়ের ব্যবস্থা করিবেন;

(ঘ) পরিদর্শন সংস্থা নিজস্ব লেটার হেডে পরিশিষ্ট-২ এ বর্ণিত ফরমে প্রত্যয়নপত্র প্রদান করিবে।

(ঙ) প্রত্যয়নপত্র গ্রহণ করিতে চাহিলে আমদানিকারক ঋণপত্র খুলিবার সময় প্রত্যয়নকারী পরিদর্শন সংস্থার নাম ঠিকানা উল্লেখ করিবেন এবং উক্ত ঋণপত্রে এই মর্মে একটি শর্ত থাকিতে হইবে যে, পণ্যের বিক্রেতা কর্তৃক প্রদত্ত ইনভয়েসে পরিদর্শন সংস্থার প্রত্যয়নপত্রের ক্রমিক নম্বর ও তারিখ উল্লিখিত থাকিবে এবং উক্ত ইনভয়েসটি পরিদর্শন সংস্থা কর্তৃক প্রত্যয়িত হইবে;

(চ) যেই দেশ হইতে পণ্য আমদানি হইবে সেই দেশে অবস্থিত পরিদর্শন সংস্থার শাখা হইতে অথবা সেই দেশের জন্য নির্ধারিত অন্য কোন দেশে অবস্থিত উক্ত সংস্থার কোন শাখা হইতে প্রত্যয়নপত্র জারীকৃত হইতে হইবে;

(ছ) আমদানিকৃত পণ্যের বিল অব লেডিং বা ক্ষেত্রমত, এয়ারওয়ে বিল, ট্রাক রশিদ বা রেলওয়ে রশিদ জারীর পূর্বেই পণ্যের পরিদর্শন সম্পন্ন করিতে হইবে;

(জ) প্রত্যয়নপত্রে পরিদর্শন সংস্থার অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর এবং Dry Embossed Seal অথবা, ক্ষেত্রমত, Hologram বা সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন ধরণের চিহ্ন প্রদান করিতে হইবে;

(ঝ) প্রত্যয়নপত্রের একটি অগ্রিম অনুলিপি পরিদর্শন সংস্থা কর্তৃক উহার বাংলাদেশস্থ প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট কাস্টমস্ ষ্টেশনের দায়িত্বে নিয়োজিত কমিশনার (যাহা বলিতে ক্ষেত্রমত, অতিরিক্ত কমিশনার, যুগ্ম কমিশনার,

ডেপুটি কমিশনার এবং সহকারী কমিশনারকেও বুঝাইবে) এর নিকট সংশ্লিষ্ট বিল অব এন্ট্রি দাখিলের পূর্বেই পৌঁছাইতে হইবে;

(ঞ) পরিদর্শন সংস্থাসমূহ উহাদের প্রধান অফিস ও বিভিন্ন দেশে অবস্থিত শাখা অফিস এবং উহাদের বাংলাদেশী প্রতিনিধির নাম ও ঠিকানা জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা, বাংলাদেশ-এর নিকট প্রেরণ করিবে;

(ট) মূল প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট ব্যাংকের মাধ্যমে প্রেরণ করিতে হইবে এবং ইহা আমদানিকৃত পণ্য ছাড়করণের লক্ষ্যে, বিল অব এন্ট্রি দাখিলের সময়ই অন্যান্য দলিলের সহিত সংশ্লিষ্ট কাস্টমস্ ষ্টেশনে দাখিল করিতে হইবে এবং প্রত্যয়নপত্রে প্রদত্ত তথ্য সম্পর্কে আমদানিকারক বা তাহার মনোনীত প্রতিনিধিকে প্রত্যয়নপত্র দাখিলকালে পরিশিষ্ট-৩ অনুসারে ঘোষণা প্রদান করিতে হইবে;

(ঠ) আমদানিকৃত কোন পণ্যের ক্ষেত্রে, পরিদর্শন সংস্থা কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান সত্ত্বেও কমিশনার প্রয়োজনবোধে আমদানিকৃত পণ্যের ওজন, পরিমাপ, গুণাগুণ ও শ্রেণীবিন্যাস সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য আমদানিকারক বা তাহার মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে এবং পরিদর্শন সংস্থার বাংলাদেশস্থ শাখার প্রতিনিধিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ জ্ঞাপনপূর্বক, বা পণ্যের ক্ষেত্রে ভিন্ন কোন পরিদর্শন সংস্থার দ্বারা ড্রাফ্‌ট সার্ভে এবং অন্যান্য পণ্যের ক্ষেত্রে শুল্ক কর্তৃপক্ষ দ্বারা পুনঃ পরীক্ষা সম্পাদনের নির্দেশ প্রদান করিতে পারিবেন এবং উক্তরূপ পরীক্ষার পর উক্ত ওজন, পরিমাপ, গুণাগুণ ও বর্ণনা প্রত্যয়নপত্র হইতে ভিন্ন হইলে পরীক্ষার ভিত্তিতে শুল্কায়ন করিতে হইবে;

(ড) পরিদর্শন সংস্থা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রে পণ্যের মূল্য, পরিমাণ, গুণাগুণ ও শ্রেণীবিন্যাস এই চারটি বিষয়ের প্রত্যেকটির উপর মতামত লিপিবদ্ধ না থাকিলে প্রত্যয়নপত্রটি অগ্রাহ্য করা হইবে;

(ঢ) পরিদর্শন সংস্থা আমদানিকৃত পণ্যের CIF মূল্য এবং পরিবহন যান হইতে কাস্টম ষ্টেশনে উক্ত পণ্যের অবতরণ ব্যয়, যদি থাকে, এর সমষ্টিকে পণ্যের মূল্য হিসাবে প্রত্যয়নপত্রে উল্লেখ করিবে এবং এতদুদ্দেশ্যে আমদানিকারক পরিদর্শন সংস্থাকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করিবে;

তবে শর্ত থাকে যে, পরিদর্শন সংস্থাকে আমদানিকারক কর্তৃক প্রদত্ত পরিদর্শন ফিস উপরি-উক্ত মূল্যের মধ্যে অন্তর্ভুক্ত করা যাইবে না।

(২) পরিদর্শন সংস্থা কর্তৃক প্রত্যয়নকৃত পণ্যের মূল্য কমিশনারের নিকট অযৌক্তিক প্রতীয়মান হইলে তিনি প্রত্যয়নকৃত মূল্যের ভিত্তিতে সাময়িকভাবে পণ্য শুল্কায়ন ও

খালাস করিবেন, তবে প্রত্যয়িত পণ্য মূল্য অযৌক্তিক প্রতীয়মান হওয়ার কারণ ব্যাখ্যা পূর্বক চালান খালাসের এক মাসের মধ্যে Customs Act, 1969 (IV of 1969) এর section 193C এর বিধান অনুসারে আপীল ট্রাইব্যুনালে আপীল দায়ের করিতে পারিবেন এবং উক্ত ট্রাইব্যুনাল প্রত্যায়নকৃত মূল্য বাতিল করিতে পারিবে।

(৩) উপ-বিধি (২) অনুসারে প্রত্যয়িত মূল্য আপীল ট্রাইব্যুনাল কর্তৃক বাতিল করা হইলে যে পরিদর্শন সংস্থা উক্ত প্রত্যয়নপত্র জারি করিবে তাহার বিরুদ্ধে বর্ণিত অসত্য ঘোষণার জন্য (Customs Act, 1969 (IV of 1969) এর section 32 অনুসারে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস্ উক্ত Actএর section 156(1) এবং তৎসঙ্গে পঠিতব্য Table-14 এ বর্ণিত শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে উক্ত সংস্থার বিরুদ্ধে পঞ্চাশ হাজার টাকার উর্ধে নহে এমন দণ্ড অথবা যে পণ্যের মূল্য অসত্য ঘোষণার কারণে অপরাধ সংঘটিত হইয়াছে উক্ত পণ্যের মূল্যের তিনগুণ, যাহার অংক বৃহত্তর হইবে, এমন দণ্ডে দণ্ডিত হইবেন এবং উক্তরূপ পণ্যও বাজেয়াপ্তযোগ্য হইবে।

১০। পরিবীক্ষণ।—(১) প্রাক-যানজাতকরণ পরিদর্শন ব্যবস্থার সুষ্ঠু মনিটরিং-এর লক্ষ্যে সরকার বিজ্ঞপ্তি দ্বারা শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট সমূহে সরকারী, বেসরকারী ও পরিদর্শন সংস্থার প্রতিনিধি সমন্বয়ে একটি করিয়া স্থানীয় পরিবীক্ষণ কমিটি গঠন করিবে এবং উক্ত কমিটি প্রাক-যানজাতকরণ পরিদর্শন ব্যবস্থা বিষয়ে ক্ষেত্র-পর্যায়ে উদ্ভূত সমস্যা নিরসনকল্পে প্রতি মাসে অন্ততঃ একবার বৈঠকে মিলিত হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত স্থানীয় কমিটিসমূহ কর্তৃক সম্পাদিত কার্যকলাপ ও উহাদের অনিষ্পত্তিকৃত বিষয়সমূহ পর্যালোচনা এবং পরিদর্শন ব্যবস্থার সঠিক তত্ত্বাবধানের জন্য সরকার বিজ্ঞপ্তি দ্বারা সরকারী, বেসরকারী ও পরিদর্শন সংস্থার প্রতিনিধি সমন্বয়ে জাতীয় রাজস্ব বোর্ডে একটি কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটি গঠন করিবে এবং উক্ত কমিটি বৎসরে অন্ততঃ দুইবার বৈঠকে মিলিত হইবে।

(৩) উপ-বিধি (২) এ বর্ণিত কমিটি বৈঠকের পর উহার সুপারিশ সরকারের নিকট পেশ করিবে।

## পরিশিষ্ট-১

পরিদর্শন সংস্থা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এ উল্লিখিত নিম্নরূপ Heading No. এবং উহার বিপরীতে উল্লিখিত বর্ণনার পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা :—

| Serial No. | Heading No. | Description of goods |
|---|---|---|
| 1. | 04·02 | Milk powder. |
| 2. | 09·04 | Pepper. |
| 3. | 09·09 | Cumin seed. |
| 4. | 24·02 | Cigarette. |
| 5. | 28·15 | Caustic soda. |
| 6. | 28·36 | Soad ash. |
| 7. | 73·03 to 73·07 | G. I. pipes |
| 8. | 84·15 | Air conditioner. |
| 9. | 85·06 | Drycell batteries. |
| 10. | 85·39 | Filament lamp. |
| 11. | 85·39 | Fluroscent tube light. |
| 12. | 87·03 | Car/Microbus/Jeep/Pickup. |

পরিশিষ্ট-২

## INSPECTING AGENCY LETTER HEAD

CLEAN REPORT OF FINDING — CERTIFICATE NO.

1. L/C. Issuing Bank — 2. L/C. No.
3. L/C. Issue Date — 4. L/C. Expiry Date
5. Buyer

6. Description of Goods Ordered

| Item No. | Description (Including Quality) | Quantity | H. S. Code | Price (C&F) |
|---|---|---|---|---|
| .. .. .. | .. .. .. | .. .. .. | .. .. .. | .. .. |

(Use Additional page if necessary)

7. Seller
8. Proforma Invoice No. — 9. Dated
10. Partial Shipment No. (if any)
11. Final Invoice No. — 12. Dated
13. Shipping document No.(B/L/AWB/Truck receipt/Railway receipt) — 14. Dated
15. Port of Loading — 16. Shipping Marks
17. Packing

18. Detailed Report on Goods Inspected

| Item No. | Description (Including Quality) | Quantity | H. S. Code | Price (CIF) | Landing Charge |
|---|---|---|---|---|---|
| .. .. .. | .. .. .. | .. .. .. | .. .. .. | .. .. | .. .. |

Use Additional page if necessary — Report Status

19. Place of Inspection — 20. Date

21. Remarks — 22. Issued By
23. Reference No. — 24. Issue Date

Signature and Embossed Seal or Hologram or other approved sign :

পরিশিষ্ট-৩

পরিদর্শন সংস্থা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র গ্রহণপূর্বক পণ্য আমদানির ক্ষেত্রে আমদানিকারক বা তাহার মনোনীত প্রতিনিধির ঘোষণাপত্র।

পরিদর্শন সংস্থা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র গ্রহণপূর্বক আমদানিকৃত পণ্য ছাড়করণের লক্ষ্যে আমি/আমরা নিম্নবর্ণিত তথ্য/বক্তব্য প্রদান করিতেছি:

১। আমদানিকারকের নাম : ..........................................
পূর্ণাংগ ঠিকানা : ..........................................
টেলিফোন নং : ..........................................
করদাতাসনাক্তকরণ সংখ্যা (মূল্য সংযোজন কর) : ..........................................

২। ক্লিয়ারিং ফরোয়ার্ডিং এজেন্টের নাম: ..........................................
পূর্ণাংগ ঠিকানা : ..........................................
টেলিফোন নং : ..........................................

৩। যে কাস্টমস্ ষ্টেশনের মাধ্যমে পণ্য ছাড় করা হইবে উহার নাম: ..........................................

৪। প্রত্যয়নপত্র প্রদানকারী পরিদর্শন সংস্থার নাম ও ঠিকানা : ..........................................

৫। পরিদর্শন সংস্থা কর্তৃক আমদানিকৃত পণ্য পরিদর্শনের স্থান ও তারিখ : ..........................................

৬। প্রত্যয়নপত্র প্রদানের স্থান, ক্রমিক নং ও তারিখ: ......................
......................
......................

৭। ঋণপত্রের নম্বর :——————ঋণপত্র জারীর তারিখ:——————

৮। ঋণপত্র জারীকারী ব্যাংক-এর নাম ও ঠিকানা :——————
——————————————

৯। আমি/আমরা এই মর্মে অংগীকার করিতেছি যে, ..................কর্তৃক প্রদত্ত উপরে উল্লিখিত প্রত্যয়নপত্রে বর্ণিত পণ্যমূল্য, গুণাগুণ, পরিমাণ ও শ্রেণীবিন্যাস (H. S. Code and Description) সংক্রান্ত তথ্যসহ উপরে বর্ণিত অন্যান্য তথ্য আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাসমতে সঠিক। আমি/আমরা জানি, এক্ষেত্রে কোন ভুল বা মিথ্যা তথ্য পরিবেশিত হইয়া থাকিলে বা কোন তথ্য গোপন করা হইয়া থাকিলে আমার/আমাদের বিরুদ্ধে Customs Act, 1969 (IV of 1969) এর Section 32-এর আওতায়

আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে। আমরা আরও জানি যে, পরিদর্শন সংস্থা কর্তৃক প্রত্যয়নকৃত পণ্যমূল্যের ক্ষেত্রে কমিশনারের আপত্তি থাকিলে তিনি সাময়িক শুল্কায়নের মাধ্যমে আমদানিকৃত পণ্য ছাড়করণের পর প্রত্যয়নকৃত মূল্যের বিষয়ে তিনি শুল্ক, আবগারী ও মূল্য সংযোজন কর আপীলাত ট্রাইব্যুনালে আপীল দায়ের করিতে পারিবেন।

আমদানিকারকের নাম ও স্বাক্ষর :------------------------------------------

ঠিকানা : ------------------------------------------

টেলিফোন নং : ------------------------------------------

অথবা ক্ষেত্রমত, তাহার পক্ষে ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং এজেন্টের নাম ও স্বাক্ষর : ----------

ঠিকানা : ------------------------------------------

তারিখ :------------------------টেলিফোন নম্বর :------------------------

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড: সা'দত হুসাইন

সচিব।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।